# রাশিয়ার তেল নিষেধাজ্ঞায় এক মাসের ছাড় যুক্তরাষ্ট্রের



ছবি: সংগৃহীত

তীব্র বৈশ্বিক জ্বালানি চাপের মধ্যে রাশিয়ার তেল লেনদেনে সাময়িক ছাড় দিয়েছে যুক্তরাষ্ট্র। ফলে নির্দিষ্ট সময়ের মধ্যে জাহাজে তোলা রুশ অপরিশোধিত তেল ও পেট্রোলিয়াম পণ্য আগামী ১১ এপ্রিল পর্যন্ত কেনাবেচা করা যাবে।

বৃহস্পতিবার (১২ মার্চ) বিষয়টি নিশ্চিত করেছে মার্কিন ট্রেজারি ডিপার্টমেন্ট।

জানা গেছে, ১২ মার্চের মধ্যে জাহাজে তোলা জ্বালানি এই সুবিধার আওতায় থাকবে। বৈশ্বিক বাজারে সরবরাহ স্বাভাবিক রাখা এবং দামের চাপ কমাতেই এমন সিদ্ধান্ত নিয়েছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

আন্তর্জাতিক গণমাধ্যম বলছে, বর্তমানে রাশিয়ার প্রায় সাড়ে ১২ কোটি ব্যারেল তেলবাহী জাহাজ সমুদ্রে রয়েছে, যেগুলো বিশ্বের প্রায় ৩০টি গন্তব্যে পৌঁছাবে। এই পরিমাণ জ্বালানি বিশ্ব চাহিদার মাত্র কয়েক দিনের সরবরাহ নিশ্চিত করতে পারে। মধ্যপ্রাচ্যে সংঘাত শুরুর পর অপরিশোধিত তেলের দাম ব্যারেলপ্রতি ১২০ ডলার পর্যন্ত উঠেছিল।

২০২২ সালে ইউক্রেনে সামরিক অভিযান শুরুর পর রাশিয়ার জ্বালানি খাতে নিষেধাজ্ঞা দেয় যুক্তরাষ্ট্র।

বিশ্বের মোট তেল সরবরাহের প্রায় ২০ শতাংশ পরিবাহিত হয় হরমুজ প্রণালি দিয়ে। সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কাতার ও ইরাক এই পথ ব্যবহার করে জ্বালানি রপ্তানি করে। এদিকে ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের যৌথ হামলার জবাবে ইরান প্রণালিটি বন্ধ করে দিলে বৈশ্বিক জ্বালানি সরবরাহ নিয়ে নতুন শঙ্কা তৈরি হয়।